JAGONARI
জাগোনারী

# জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

# টেন্ডার সিডিউল: সামাজিক অবকাঠামো নির্মান ও উন্নয়ন কাজ

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় বরগুনা জেলায় স্টার্ট নেটওয়ার্কের সহযোগিতায় জাগোনারী বাস্তবায়িত Preparedness and Resilience through Organised Humanitarian Outreach and Readiness – PROHOR শীর্ষক প্রকল্পের আওতায় **জেলে সম্প্রদায়ের জন্য নৌকা নোঙরকরণ ভাসমান ঘাটলা নির্মান, বিল বোর্ড স্থাপন, রাস্তা সংস্কার ও সাইক্লোন সেন্টার রিপেয়ারিং** এর জন্য আগ্রহী ঠিকাদার ও সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

**ক. সাধারন তথ্যাবলী:**

| | | |
|---|---|---|
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | সেপ্টেম্বর ১৫, ২০২৬ খ্রি. |
| দরপত্র জমা দেয়ার শেষ তারিখ | : | সেপ্টেম্বর ২২, ২০২৬ খ্রি. |
| দরপত্র খোলার তারিখ ও সময় | : | সেপ্টেম্বর ২৩, ২০২৬ খ্রি. সময়: সকাল ১১:০০ টা। (দরপত্র উন্মুক্তকরণের সময় সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)। |
| যেভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন | : | পত্রিকায় দেওয়া লিংকে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম ও ড্রয়িং-ডিজাইন সংগ্রহ করা যাবে\|<br><br>এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে\| |

**খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:**

১. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ ঠিকাদারী ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে;

২. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব থাকতে হবে এবং দরপত্রের সাথে ব্যাংক সলভেনসি সার্টিফিকেট সংযুক্ত করতে হবে;

৩. দরপত্রের সাথে ঠিকাদার/সরবরাহকারী হিসেবে কাজের অভিজ্ঞতার প্রমানক হিসেবে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ সংযুক্ত করতে হবে।

৪. দরপত্রের বৈধতার সময়সীমা ও ব্যাংক হিসাবের পুর্ণাঙ্গ তথ্য আবেদনপত্রে উল্লেখ থাকতে হবে;

৫. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা-এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;

৬. প্রতিষ্ঠানের অফিসিয়াল প্যাডে আবেদন করতে হবে। আবেদনপত্র, প্রাইস কোটেশন ফরম ও ড্রয়িং-ডিজাইনের প্রতিটি পাতায় প্রতিষ্ঠানের মালিক বা প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকতে হবে;

৭. দরপত্রে কাঁচামালের ব্রান্ড উল্লেখ থাকতে হবে।

৮. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিষ্টারভূক্ত করে টেন্ডার বক্সে ফেলবেন/

৯. জমাদানের তারিখ ও সময় শেষ হলে জাগোনারীর ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

JAGONARI
জাগোনারী

**গ. দরপত্র মূল্যায়ন ও সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:**

১. নিম্মলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসারে দরপত্র মূল্যায়ন করা হবে-

| **স্কোরিং মানদন্ড** | **স্কোর** | **মন্তব্য** |
|---|---|---|
| দর | ৫০ | আর্থিক |
| লিগ্যাল ডকুমেন্টস (ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আপডেট আয়কর রিটার্ন কপি, ব্যাংক সলভেনসি সার্টিফিকেট এবং জাতীয় পরিচয়পত্র) | ২০ | টেকনিক্যাল |
| পন্যের ব্রান্ড ভ্যালু | ২০ | টেকনিক্যাল |
| অভিজ্ঞতা (ঠিকাদারী/সরবরাহকারী কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ) | ১০ | টেকনিক্যাল |
| মোট | | |

২. লিগ্যাল ডকুমেন্টের ঘাটতি থাকলে অথবা কোন প্রতিষ্ঠান নিম্মমানের/অগ্রহনযোগ্য/বিএসটিআই/সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক অনুমোদন নেই এমন পণ্যের দর দাখিল করলে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র টেকনিক্যালি গ্রহণযোগ্য হবে না;
৩. শুধুমাত্র টেকনিক্যাল মূল্যায়নে গৃহিত প্রতিষ্ঠানকে আর্থিক ও চুড়ান্ত মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে।
৪. অসম্পুর্ন বা ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

**ঘ. স্কীম লোকেশন:**

১. জেলে সম্প্রদায়ের জন্য ভাসমান নৌকা নোঙরকরণ ঘাটলা নির্মান (০১টি):

| জেলা | উপজেলা | ইউনিয়ন | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| বরগুনা | তালতলী | ছোট বগী নিশানবাড়ীয়া | গাবতলী স্লুইজগেট সংলগ্ন, ০৪ নং ওয়ার্ড | |

২. বিলবোর্ড স্থাপন (০২টি):

| জেলা | উপজেলা | ইউনিয়ন | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| বরগুনা | তালতলী | সোনাকাটা | কবিরাজ পাড়া কমিউনিটি সেন্টার সংলগ্ন, ০৯ নং ওয়ার্ড | ০২ টি বিল বোর্ড |
| | | | লাউপাড়া বৌদ্দ মন্দির সংলগ্ন, ০৭ নং ওয়ার্ড | |

৩. রাস্তা সংস্কার সাইক্লোন সেল্টার মেরামত (রাস্তা সংস্কার ০৪টি ও সাইক্লোন সেল্টার মেরামত ০১টি):

| জেলা | উপজেলা | ইউনিয়ন | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| বরগুনা | তালতলী | সোনাকাটা | লাউপাড়া সাগর সৈকত মাধ্যমিক বিদ্যালয় সংযোগ সড়ক সংস্কার, ০৭ নং ওয়ার্ড | ১২০ ফুট লম্বা, চওড়া ৬ ফুট |
| | | | লাউপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংযোগ সড়ক সংস্কার, ০৭ নং ওয়ার্ড | ১০০ ফুট লম্বা, চওড়া ৬ ফুট |
| | | | নূরে মদিনা দাখিল মাদ্রাসা সংযোগ সড়ক সংস্কার, ০৫ নং ওয়ার্ড | ১৫০ ফুট লম্বা, চওড়া ৬ ফুট |
| | | | লাউপাড়া রাখাইন কমিউনিটি মেইন রোড থেকে পাড়ার সাথে সংযোগ সড়ক, ০৭ নং ওয়ার্ড | ২১৫ ফুট লম্বা, চওড়া ৬ ফুট |
| | | | কবিরাজ পাড়া রাখাইন কমিউনিটি সেন্টার, ০৯ নং ওয়ার্ড | কমিউনিটি সেন্টার সংস্কার |

JAGONARI
জাগোনারী

৪. সাইক্লোন সেল্টার রিপেয়ারিং (১০টি):

| জেলা | উপজেলা | ইউনিয়ন | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| বরগুনা | তালতলী | ছোট বগী | ছোট বগী পিকে মাধ্যমিক বিদ্যালয়, নায়েরতবক, ০১ নং ওয়ার্ড। | |
| | | | বগীর হাট মাধ্যমিক বিদ্যালয় কাম সাইক্লোন সেল্টার, বগীর হাট বাজার, ০২ নং ওয়ার্ড | |
| | | | পূর্ব গাবতলী রফিকুল ইসলাম স: প্রা: বিদ্যালয়, ০৩ নং ওয়ার্ড। | |
| | | | গাবতলী স: প্রা: বিদ্যালয়, গাবতলী, ০৪ নং ওয়ার্ড। | |
| | | | কমডেকা স: প্রা: বিদ্যালয় কাম সাইক্লোন সেল্টার, ০২ নং ওয়ার্ড | |
| | বরগুনা সদর | ঢলুয়া | প: গোলবুনিয়া শিশু কিশোর সরকারি প্রা: বিদ্যালয়, গোলবুনিয়া, ০১ নং ওয়ার্ড। | |
| | | | ঢলুয়া ১৭৬ নং ডালভাঙ্গা মাঝখালী স: প্রা: বিদ্যালয়, ০৩ নং ওয়ার্ড। | |
| | | | ডালভাঙ্গা মাঝখালী স: প্রা: বিদ্যালয়, ০২ নং ওয়ার্ড। | |
| | | | পোটকাখালী স: প্রা: বিদ্যালয়, ০১ নং ওয়ার্ড। | |
| | | | বান্দরগাছিয়া স: প্রা: বিদ্যালয়, ০৭ নং ওয়ার্ড। | |

**ঙ. স্কীম বাস্তবায়নের শর্তাবলী:**

১. **ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের দিন থেকে ১২/১৫ দিনের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে। কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে কাজ শেষ করতে না পারলে প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে।**

২. নির্বাচিত প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী উপকরনের ব্যবহার নিশ্চিত করতে হবে। কোন রকমের ত্রুটিপূর্ণ বা নিম্মমানের উপকরনের ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

৩. কার্যাদেশ প্রদানের পর সংশ্লিষ্ট ঠিকাদার কোন কাচামাল/উপকরনের ব্র্যান্ড পরিবর্তন করতে চাইলে কার্যাদেশ প্রাদানের ০৫ দিনের মধ্যে লিখিতভাবে জাগোনারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কার্যাদেশে উল্লেখিত ব্রান্ডের সমমান অথবা তার চেয়ে ভাল মানের কাচামাল/উপকরণ প্রদান করতে হবে।

৪. সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় নিম্মলিখিত লোকেশনে বিলবোর্ড স্থাপন করবেন:

**চ. বিল পরিশোধ পদ্ধতি:**

১. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে কাজ শেষ করার পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;

২. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

**ছ. বিশেষ বার্তাসমূহঃ**

১. জাগোনারী কোন কারণ দর্শানো ব্যাতীত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

২. জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;

৩. নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং ও যৌন শোষন ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরুপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;

৪. **কোনরুপ তদবির/প্রভাবিত করা গ্রহনযোগ্য নয়;**

**জ. সংযুক্তি:**

১. Annexure 01: Fishing Dock Price Quotation Form

২. Annexure 02: Fishing Dock Drawing & Design

৩. Annexure 03: Billboard Price Quotation Form

৪. Annexure 04: Billboard Drawing and Design

৫. Annexure 05: Link Road Improvement Price Quotation Form

৬. Annexure 06: Link Road Improvement Drawing-Design

৭. Annexure 07: Cyclone Shelter Repairing Price Quotation Form.

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: ০ ::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: :::